অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের ফার্মগুলোকে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সাহায্য করতে গভর্নর হোকলের প্রায় 7.9 মিলিয়ন ডলার বরাদ্দ প্রদানের ঘোষণা

এসব অনুদান 70টিরও বেশি ফার্মকে সেগুলোর পরিবেশগত প্রভাব কমিয়ে আনতে এবং চরম বিরূপ আবহাওয়ার জন্য প্রস্তুতি নিতে সাহায্য করবে

নির্বাচিত প্রকল্পগুলো প্রতি বছর গ্রিনহাউস গ্যাসের পরিমাণ আনুমানিক 68,495 মেট্রিক টন CO2কমিয়ে আনবে

গভর্নরের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা এবং জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্টেটজুড়ে 70টিরও বেশি ফার্মকে সেগুলোর পরিবেশগত প্রভাব কমিয়ে আনতে এবং জলবায়ু পরিবর্তনের সাথে সম্পর্কিত চরম বিরূপ আবহাওয়ার জন্য প্রস্তুতি নিতে সাহায্য করার জন্য ক্লাইমেট রেসিলিয়েন্ট ফার্মিং গ্র্যান্ট (Climate Resilient Farming Grant) কর্মসূচির মাধ্যমে প্রায় 7.9 মিলিয়ন ডলার বরাদ্দ প্রদান করা হচ্ছে। নির্বাচিত প্রকল্পগুলো প্রতি বছর গ্রিনহাউস গ্যাসের পরিমাণ আনুমানিক 68,495 মেট্রিক টন CO2কমিয়ে আনবে, যা প্রতি বছর প্রায় 14,800 গাড়ি রাস্তা থেকে সরিয়ে দেওয়ার সমতুল্য।

"নিউ ইয়র্কের কৃষকরা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ের সামনের সারিতে রয়েছেন এবং সাম্প্রতিক বছরগুলোতে অত্যন্ত সাধারণ ঘটনায় পরিণত হওয়া চরম বিরূপ আবহাওয়ার বিধ্বংসী প্রভাব অনুভবকারী প্রথম ব্যক্তিদের মধ্যে রয়েছেন," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের ক্লাইমেট রেসিলিয়েন্ট ফার্মিং কর্মসূচি কৃষকদেরকে ভবিষ্যতের বিরূপ আবহাওয়ার জন্য প্রস্তুতি নেওয়া এবং সেগুলোর প্রতি সাড়াদানের জন্য এবং আমাদের স্থানীয় অর্থনীতিতে অবদান রাখা এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য তাজা, স্বাস্থ্যকর পণ্য উৎপাদন করার তাদের অতি গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রাখার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থানসমূহ প্রদান করছে।"

2015 সালে চালু হওয়া, এই ক্লাইমেট রেসিলিয়েন্ট ফার্মিং কর্মসূচি স্টেটের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের অধীনে স্টেটের কৃষি খাতকে গ্রিনহাউস গ্যাস নির্গমন কমিয়ে আনার জন্য এটির লক্ষ্যসমূহ পূরণ করতে সহায়তা করছে। এখন পর্যন্ত ছয় রাউন্ড অনুদান প্রদান করার

মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট ব্যাপী ফার্মগুলোকে সহায়তা করার জন্য প্রায় 20 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে।

রাউন্ড 6-এ অনুদানপ্রাপ্ত প্রকল্পগুলো গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো, মাটির স্বাস্থ্য সমৃদ্ধ করা, এবং রাজধানী অঞ্চলের পাশাপাশি সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, হাডসন ভ্যালি, মোহাক ভ্যালি, নর্থ কান্ট্রি, সাদার্ন টিয়ার, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে জ্বালানি সাশ্রয়ের প্রসার ঘটানোর জন্য সেরা ব্যবস্থাপনা রীতিগুলোর প্রতি জোর দিয়েছে। এছাড়াও প্রকল্পগুলো ফসল ও গবাদি পশুর উপর খরা চলাকালীন সময়ের পাশাপাশি ভারী বর্ষণ ও বন্যার প্রভাব প্রশমিত করতে সেচ সক্ষমতা বৃদ্ধি করছে এবং পানি ব্যবস্থাপনার প্রতি জোর দিচ্ছে।

মাটি ও পানি সংরক্ষণ বিষয়ক কাউন্টি ডিস্ট্রিক্টগুলোকে কৃষকদের পক্ষে তিনটি ট্র্যাকের মধ্যে একটির অধীনে এই অনুদানগুলো প্রদান করা হয়েছে: সার সংরক্ষণ, কভার ও ক্যাপচার; নদীতীর, প্লাবনভূমি, ও উচ্চভূমিতে পানি ব্যবস্থাপনা; এবং হেলদি সয়েলস NY (Healthy Soils NY)।

ফার্মগুলোকে জলবায়ু সম্পর্কিত প্রকল্পগুলো বাস্তবায়নে সহায়তা করার জন্য নিম্নলিখিত মাটি ও পানি সংরক্ষণ বিষয়ক কাউন্টি ডিস্ট্রিক্টগুলোকে অনুদান প্রদান করা হয়েছে:

রাজধানী অঞ্চল - মোট অনুদান 393,200 ডলার

- দুইটি ফার্মকে সহায়তা করার জন্য ওয়াশিংটন কাউন্টি SWCD-কে 393,200 ডলার প্রদান করা হয়েছে

সেন্ট্রাল নিউ ইয়র্ক - মোট অনুদান 1,598,209 ডলার

- নয়টি ফার্মকে সহায়তা করার জন্য কায়ুগা SWCD-কে 811,920 ডলার প্রদান করা হয়েছে।
- তিনটি ফার্মকে সহায়তা করার জন্য কোর্টল্যান্ড SWCD-কে 492,137 ডলার প্রদান করা হয়েছে।
- কয়েকটি ফার্মকে সহায়তা করার জন্য ম্যাডিসন SWCD-কে 98,800 ডলার প্রদান করা হয়েছে।
- নয়টি ফার্মকে সহায়তা করার জন্য ওনোনডেগা SWCD-কে 195,352 ডলার প্রদান করা হয়েছে।

ফিঙ্গার লেকস - মোট অনুদান 1,865,319 ডলার

- চারটি ফার্মকে সহায়তা করার জন্য গিনিস SWCD-কে 328,364 ডলার প্রদান করা হয়েছে।
- দুইটি ফার্মকে সহায়তা করার জন্য লিভিংস্টন SWCD-কে 671,310 ডলার প্রদান করা হয়েছে।
- একটি ফার্মকে সহায়তা করার জন্য অন্টারিও SWCD-কে 421,320 ডলার প্রদান করা হয়েছে।

- একটি ফার্মকে সহায়তা করার জন্য ওয়েইন SWCD-কে 58,775 ডলার প্রদান করা হয়েছে।
- দুইটি ফার্মকে সহায়তা করার জন্য ইয়েটস SWCD-কে 385,550 ডলার প্রদান করা হয়েছে।

হাডসন ভ্যালি - মোট অনুদান 307,709 ডলার

- পাঁচটি ফার্মকে সহায়তা করার জন্য অরেঞ্জ SWCD-কে 178,595 ডলার প্রদান করা হয়েছে।
- কয়েকটি ফার্মকে সহায়তা করার জন্য উলস্টার SWCD-কে 129,114 ডলার প্রদান করা হয়েছে।

মোহাক ভ্যালি - মোট অনুদান 823,381 ডলার

- চারটি ফার্মকে সহায়তা করার জন্য ফাল্টন SWCD-কে 132,986 ডলার প্রদান করা হয়েছে।
- একটি ফার্মকে সহায়তা করার জন্য মন্টগোমেরি SWCD-কে 470,410 ডলার প্রদান করা হয়েছে।
- একটি ফার্মকে সহায়তা করার জন্য স্কহারি SWCD-কে 219,985 ডলার প্রদান করা হয়েছে।

নর্থ কান্ট্রি - মোট অনুদান 1,736,148 ডলার

- একটি ফার্মকে সহায়তা করার জন্য ক্লিনটন SWCD-কে 620,580 ডলার প্রদান করা হয়েছে।
- ছয়টি ফার্মকে সহায়তা করার জন্য এসেক্স SWCD-কে 689,524 ডলার প্রদান করা হয়েছে।
- একটি ফার্মকে সহায়তা করার জন্য সেন্ট লরেন্স SWCD-কে 426,044 ডলার প্রদান করা হয়েছে।

সাদার্ন টিয়ার - মোট অনুদান 693,734 ডলার

- তিনটি ফার্মকে সহায়তা করার জন্য ডেলাওয়ার SWCD-কে 159,160 ডলার প্রদান করা হয়েছে।
- চারটি ফার্মকে সহায়তা করার জন্য টিওগা SWCD-কে 534,574 ডলার প্রদান করা হয়েছে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক - মোট অনুদান 426,345 ডলার

- একটি ফার্মকে সহায়তা করার জন্য অ্যালিগানি SWCD-কে 34,062 ডলার প্রদান করা হয়েছে।
- চারটি ফার্মকে সহায়তা করার জন্য এরি SWCD-কে 256,923 ডলার প্রদান করা হয়েছে।
- চারটি ফার্মকে সহায়তা করার জন্য নায়াগ্রা SWCD-কে 135,360 ডলার প্রদান করা হয়েছে।

প্রকল্পগুলোর বিস্তারিত তথ্যের একটি সম্পূর্ণ তালিকা এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "নিউ ইয়র্কের ক্লাইমেট রেসিলিয়েন্ট ফার্মিং কর্মসূচির কৃষকদেরকে ক্রমশ আরো সাধারণ বিষয়ে পরিণত হতে থাকা চরম বিরূপ আবহাওয়া আরো ভালোভাবে সামাল দিতে সাহায্য করার পাশাপাশি তাদের পরিবেশগত প্রভাব কমানো এবং আমাদের আশেপাশের প্রাকৃতিক সম্পদগুলো সুরক্ষিত রাখার ব্যাপারে সাহায্য করার প্রামাণ্য ইতিহাস রয়েছে। এই কর্মসূচির সম্প্রসারণের জন্য তার ঐতিহাসিক অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং আমাদের সকল মাটি ও পানি সংরক্ষণ ডিস্ট্রিক্ট এবং কৃষককে তাদের প্রকল্পগুলো শুরু করার ব্যাপারে শুভকামনা জানাচ্ছি, যেসব প্রকল্প রাস্তা থেকে প্রায় 14,800 গাড়ি সরিয়ে নেওয়ার হারে গ্রিনহাউস গ্যাস নির্গমনের পরিমাণ কমিয়ে আনবে বলে অনুমান করা হচ্ছে। এটি নিশ্চিতভাবেই জলবায়ু সপ্তাহ চলাকালীন সময়ে উদযাপন করার মতো একটি বিষয়।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) সহ-সভাপতি বাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের কৃষকরা পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার সামনের সারিতে থেকে, স্মার্ট, টেকসই উৎপাদনের রীতিসমূহ ব্যবস্থাপনা করছে। জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার উদ্ভাবনমূলক উপায়গুলোর অন্তর্ভুক্তি অব্যাহত রাখার পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটের ফার্মগুলো যাতে প্রতিযোগিতামূলক, লাভজনক, ও সমৃদ্ধশীল অবস্থা ধরে রাখতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রচেষ্টা জোরদার করতে সাহায্য করার জন্য ক্লাইমেট রেসিলিয়েন্ট ফার্মিং গ্র্যান্ট কর্মসূচির মাধ্যমে কৃষি খাতের জন্য এই চলমান সহায়তা প্রচেষ্টাকে DEC সাধুবাদ জানায়।"

নিউ ইয়র্ক স্টেট সিনেটের কৃষি বিষয়ক সভাপতি মিশেল হিনচি বলেন, "নিউ ইয়র্কের কৃষকরা জলবায়ু পরিবর্তন মোকাবেলার সামনের সারিতে রয়েছেন এবং মাটির স্বাস্থ্য রক্ষা করে এবং আমাদের বায়ু ও পানি সুরক্ষিত রাখে এমন কৃষিকাজের রীতিসমূহের নেতৃত্ব দেওয়ার প্রমাণিত ঐতিহ্য রয়েছে। ক্লাইমেট রেসিলিয়েন্ট ফার্মিং গ্র্যান্ট কর্মসূচি একটি গুরুত্বপূর্ণ সংস্থান যা কৃষকদেরকে এসব দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার প্রচেষ্টা সম্প্রসারণ করার পাশাপাশি চরম বিরূপ আবহাওয়ার প্রতি তাদের সহনশীলতা উন্নত করার সুযোগ করে দিচ্ছে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে ফার্মগুলোর জন্য এই গুরুত্বপূর্ণ তহবিলের ব্যাপারে সহায়তা করতে পেরে আমি গর্বিত, যার মধ্যে আমার ডিস্ট্রিক্টে উলস্টার ও মন্টগোমেরি কাউন্টি SWCD-এর জন্য তহবিল প্রদানও অন্তর্ভুক্ত রয়েছে, এবং এই তহবিল আরো অনুদান প্রদান করতে থাকবে যা জলবায়ু সংকটের বিরুদ্ধে আমাদের লড়াই জোরদার করে তুলতে আরো বেশি কৃষককে সাহায্য করবে।"

কৃষি বিষয়ক কমিটির সভাপতি, অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো বলেন, "কৃষি কমিউনিটি জলবায়ু সংকট মোকাবেলায় নিজের ভূমিকা পালনের জন্য প্রস্তুত রয়েছে, যে সংকট সম্পর্কে এটির বেশ ভালো ধারণা রয়েছে। ক্লাইমেট রেসিলিয়েন্ট ফার্মিং কর্মসূচি কৃষকদেরকে আমাদের মাটি ও পানি সম্পদসমূহ আরো ভালোভাবে সুরক্ষিত রাখার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করছে। এই কর্মসূচির প্রতি তার জোরালো সমর্থনের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই এবং মাটি ও পানি সংরক্ষণ ডিস্ট্রিক্টগুলোকে ধন্যবাদ জানাতে চাই যারা নিউ ইয়র্কের এসব ফার্মের সঙ্গে নিবিড়ভাবে কাজ করবে।"

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো (New York Farm Bureau)-এর প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন, "নিউ ইয়র্কের কৃষকরা পরিবেশগত ব্যবস্থাপনাকে গুরুত্ব দেয় এবং আমরা অব্যাহতভাবে আমাদের প্রাকৃতিক সম্পদগুলো সুরক্ষিত রাখার জন্য আমাদের ফার্মের কার্যক্রম উন্নত করার নতুন উপায়সমূহ সন্ধান করে চলেছি। জলবায়ু পরিবর্তন এবং আমাদের ভূমি, ফসল, ও প্রাণীদের উপর এটি যে প্রভাব ফেলতে পারে তা প্রশমনের জন্য সমাধানের একটি অংশ হলো কৃষিকাজ। নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো ক্লাইমেট রেসিলিয়েন্ট ফার্মিং গ্র্যান্ট কর্মসূচির প্রতি তার চলমান অঙ্গীকারাবদ্ধতার জন্য গভর্নরকে এবং টেকসই প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য কৃষকদের সঙ্গে অংশীদার হওয়া আমাদের মূল্যবান মাটি ও পানি সংরক্ষণ ডিস্ট্রিক্টগুলোকে তাদের সহায়তার জন্য ধন্যবাদ জানায়।"

নিউ ইয়র্ক স্টেট মাটি ও পানি সংরক্ষণ ডিস্ট্রিক্ট-এর সভাপতি ডেল স্টেইন বলেন, "নিউ ইয়র্কের কৃষকরা আমাদের মাটি ও পানি সংরক্ষণ ডিস্ট্রিক্টগুলোর সঙ্গে অংশীদার হয়ে কাজ করার মাধ্যমে দীর্ঘদিন ধরে পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে আসছে। স্টেটের ক্লাইমেট রেসিলিয়েন্ট ফার্মিং অনুদানগুলো তাদের পরিবেশগত প্রভাব কমিয়ে আনতে এবং চরম বিরূপ আবহাওয়া থেকে সুরক্ষিত রাখতে তাদের প্রচেষ্টাগুলো সম্প্রসারণ করতে তাদেরকে সাহায্য করেছে। এই কর্মসূচির পরবর্তী রাউন্ড এই সফলতার সঙ্গে যোগ হচ্ছে এবং কৃষকদের নিজেদের কাজ অব্যাহত রাখার এই সময়ে তাদের জন্য একটি অসাধারণ সহায়তা হিসেবে কাজ করবে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-

সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418